# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

**শ্রেণি- প্রিপ্যারেটরি**

**বিষয়- বাংলা (শব্দ গঠন)**

***নির্বাচিত অক্ষর - 'পা' (তিন অক্ষরের)***

*নমুনা প্রশ্নাবলিঃ-*

ক) দার্জিলিং-এ বেড়াতে গেলে উঁচু উঁচু কী দেখতে পাওয়া যায় ?

খ) মা জন্মদিনে দুধ, চাল, চিনি দিয়ে কী রান্না করেন ?

গ) পাখির সারা দেহ রং-বেরং এর কী দিয়ে ঢাকা থাকে ?

ঘ) একটি পাখির নাম বলো যা বাড়িতে পোষা হয় এবং বকম্-বকম্ করে ডাকে ?

ঙ) মাছ কীসের সাহায্যে জলে সাঁতার কাটে ?

চ) পাহাড়ে অনেক ছোটো বড়ো কী দেখতে পাওয়া যায় ?

পা – পাহাড়, পায়েস, পালক, পায়রা, পাখনা, পাথর /

***(শিশুদের সরাসরি শব্দ গঠন বলে না দিয়ে এইভাবে ছোটো ছোটো প্রশ্নের মাধ্যমে শিশুদের দিয়েই শব্দ বলিয়ে নিতে হবে/ )***

*বাক্য রচনাঃ- (নমুনা)*

ক) পাহাড় = দার্জিলিং-এ গেলে উঁচু উঁচু পাহাড় দেখা যায় /

পাহাড় = পাহাড়ে গেলে বরফ দেখতে পাওয়া যায় /

খ) পায়েস = মা জন্মদিনে পায়েস রান্না করেন/

SRAI

পায়েস = দুধ, চাল, চিনি বা গুড় দিয়ে পায়েস তৈরি হয় /

গ) পালক = পাখিদের দেহ নরম পালকে ঢাকা থাকে/

পালক = টিয়া পাখির পালকের রঙ সবুজ/

ঘ) পায়রা = পায়রা বাড়িতে পোষা হয়/

পায়রা = পায়রা শস্যদানা খায়/

ঙ) পাখনা = মাছেদের সাধারণত সাতটি পাখনা থাকে/

পাখনা = মাছ পাখনার সাহায্যে জলে সাঁতার কাটে/

চ) পাথর = আগেকার দিনের মানুষ পাথরে পাথরে পাথরে ঠুকে আগুন জ্বালাত/

পাথর = পাহাড়ি এলাকায় অনেক রকমের পাথর দেখতে পাওয়া যায়/

## *নির্বাচিত অক্ষর–'কু' (তিন অক্ষরের)*

কু = কুকুর, কুমড়ো, কুঠার, কুমোর, কুটির, কুসুম/

বাক্য রচনা (নমুনা)

ক) কুকুর = কুকুর বাড়ি পাহারা দেয়/

কুকুর = কুকুর ভাত, রুটি, মাছ, মাংস ইত্যাদি খায়/

খ) কুমড়ো = কুমড়ো একটি সব্জি যা গরমকালে বেশি জন্মায়/

কুমড়ো = কুমড়োর খোসা সবুজ এবং ভিতরের অংশ গাঢ় হলুদ হয়/

গ) কুঠার = কুঠারের হাতলটি কাঠের এবং সামনে লোহার ফলা লাগানো থাকে/

কুঠার =কুঠার দিয়ে সহজেই কাঠ কাটা যায়/

ঘ) কুমোর = যাঁরা মাটির জিনিস তৈরি করেন তাঁরাই কুমোর/

কুমোর = কুমোররা মাটি দিয়ে হাঁড়ি, কলসি ও বিভিন্ন রকমের পাত্র তৈরি করেন/

ঙ) কুটির = গাছের পাতা, বাঁশ,ঘাস দিয়ে কুটির তৈরি হয়/

আগেকার দিনে মানুষ বনে-জঙ্গলে কুটির বানিয়ে বসবাস করত/

চ) কুসুম = গাছে গাছে কুসুম ফুটে থাকলে দেখতে খুব ভালো লাগে/

কুসুম = শীতকালে গাঁদা, চন্দ্রমল্লিকা, ডালিয়া প্রভৃতি কুসুম ফোটে/

বাড়ির কাজঃ-

আ, বা, বি, মা, গা, চা – দিয়ে তিন অক্ষরের পাঁচটি করে শব্দ লিখবে এবং প্রতিটি শব্দ দিয়ে একাধিক বাক্য অভ্যাস করবে/

SRAI